গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.sherpur.gov.bd

পত্র নং ৫১.০১.৮৯০০.০১৯.৯৭.১৩৩.২০-

তারিখ : চৈত্র ১৪২৬ / এপ্রিল ২০২০

গণবিজ্ঞপ্তি

শেরপুর জেলায় করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী সংগঠন কিংবা বিত্তবান ও সহৃদয় ব্যক্তি কর্তৃক পরিচালিত মানবিক সহায়তা কর্মসূচিকে সুন্দর, সুশৃংখল ও সুসমন্বিত করার লক্ষ্যে দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (এস ও ডি) ২০১৯ এর ৪.১.৩ গ(৩) অনুযায়ী নিম্নরুপ গণবিজ্ঞপ্তি জারী করা হলোঃ

১। সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান কোথায়, কখন কতটি পরিবারকে কি ধরণের ত্রাণ সহায়তা করতে চান তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করে জেলা প্রশাসনকে অবহিত করে ত্রাণ বিতরণের লক্ষ্যে অনুমতি গ্রহণের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নমুনা ফরম জেলা প্রশাসকের কার্যালয় হতে এবং জেলা প্রশাসনের ওয়েবপোর্টাল **www.sherpur.gov.bd** থেকেও ডাউনলোড করা যাবে।

২। ত্রাণ কার্যক্রম শেষে যে সমস্ত পরিবারের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে। তার একটি পূর্ণাঙ্গ তালিকা জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করতে হবে।

৩। ত্রাণ সামগ্রী জেলা প্রশাসকের কার্যালয়ের ত্রাণ শাখায় জমা দেয়া যাবে তবে সেক্ষেত্রে অবশ্যই জমা দেয়ার রশিদ বুঝে নিতে হবে।

2/4/2020

আনার কলি মাহবুব
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শেরপুর।
ফোন নংঃ -+৮৮- ০৯৩১-৬১৯০০
Email:dcsherpur@mopa gov.bd